

ক্যান্সার মোকাবেলায় সবাইকে এগিয়ে আসতে হবে : আনিসুল হক

✍ কালের কণ্ঠ অনলাইন



অ +

অ -



ঢাকা সিটি কর্পোরেশন উত্তরের মেয়র আনিসুল হক বলেছেন, ক্যান্সার মোকাবেলায় সমাজের সবাইকে যার যার সক্ষমতা আর আন্তরিকতা নিয়ে এগিয়ে আসতে হবে।

তিনি আজ রাজধানীর আর্মি গলফ ক্লাব-এ অনকোলোজি ক্লাব ও সার্ক ফেডারেশন অব অনকোলোজিস্ট এর যৌথ আয়োজনে অনুষ্ঠিত আন্তর্জাতিক ক্যান্সার কংগ্রেসের উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন।

আনিসুল হক আরো বলেন, তুমুল গণ-সচেতনতা না গড়ে তুলতে পারলে ক্যান্সারের ভয়াবহতা থেকে পরিত্রান পাওয়া প্রায় অসম্ভব। এজন্য তিনি তরুণদের কাজে লাগানোর পরামর্শও দেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক ডাঃ এম.এ হাই। দু'দিন ব্যাপী উক্ত আন্তর্জাতিক কংগ্রেসে ইউনিভার্সিটি অব বোলোনিয়া, ইটালি, হার্ভার্ড মেডিকেল স্কুল, বস্টন, যুক্তরাষ্ট্র, ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুর, টাটা মেমোরিয়াল সেন্টার, ভারত, নেপাল ক্যান্সার হসপিটাল ও রিসার্চ সেন্টার, ইউনিভার্সিটি অব নিউ ক্যাসেল, অস্ট্রেলিয়াসহ বিশ্বের বিভিন্ন প্রতিষ্ঠান এবং বাংলাদেশের খ্যাতনামা ক্যান্সার বিশেষজ্ঞ (অনকোলজিস্ট), বৈজ্ঞানিক ও গবেষক বৃন্দ অংশগ্রহণ করেন।